

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
পাবনা সদর, পাবনা  
Web:acl.pabnasadar.pabna.gov.bd

স্মারক : ০৫.৪৩.৭৬৩৯.০৩০.৩৫.০০৭.২০২৬.১২১৯

তারিখ: ২৪ বৈশাখ, ১৪৩৩  
০৭ মে, ২০২৬

বিষয় : পাবনা জেলার পাবনা সদর উপজেলাধীন ২০ (বিশ) একরের নিম্নের ইজারা বহির্ভূত জলমহালের ২য় খাস আদায় বিজ্ঞপ্তি।

- সূত্র : ক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির গত ৩১ মার্চ, ২০২৬ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী  
খ) জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের কার্যালয়ের (রাজস্ব শাখা) ১৫ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখের ৭৪৬ নং স্মারকপত্র।  
গ) উপজেলা জলমহাল খাস আদায় সংক্রান্ত কমিটি, পাবনা সদর, পাবনার ০৪/০৫/২০২৬ তারিখের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার পাবনা সদর উপজেলাধীন ২০ (বিশ) একরের নিম্নের নিম্নবর্ণিত ০৪ (চার)টি জলমহাল ১৪৩৩ বঙ্গাব্দে ইজারা প্রদানের জন্য অনলাইনে ও ম্যানুয়ালী ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও কোন দরপত্র দাখিল না হওয়ায় বা উক্ত জলমহালের বিপরীতে কোন আবেদন পাওয়া না যাওয়ায় সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক জেলা প্রশাসক মহোদয় বরাবর খাস আদায়ের অনুমতি চেয়ে পত্র প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের কার্যালয়ের ১৫ এপ্রিল, ২০২৬ তারিখের ৭৪৬ নং স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত অ-ইজারাকৃত ০৪ (চার)টি জলমহাল ১৪৩৩ বঙ্গাব্দের অবশিষ্ট সময়ে খাস আদায়ের অনুমতি প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক ২০ একরের নিম্নের ০৪ (চার)টি জলমহাল ১৪৩৩ বঙ্গাব্দের অবশিষ্ট সময়ে খাস আদায়ের নিমিত্ত নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী আর্থহী ব্যক্তি/সংগঠনকে প্রস্তাবিত মূল্য উল্লেখপূর্বক আবেদনপত্র সীলগালা মুখবন্ধ খামে অত্রাফিস ও অত্রাফিসের অন্তর্গত ইউনিয়ন ভূমি অফিসে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	তারিখ	গৃহিত কার্যক্রম
১	১০/০৫/২০২৬ হতে ১৯/০৫/২০২৬ তারিখ পর্যন্ত (সময় সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৩.৩০ ঘটিকা)	প্রস্তাবিত মূল্য উল্লেখপূর্বক আবেদনপত্র সীলগালা মুখবন্ধ খামে উপজেলা ভূমি অফিস ও অত্র উপজেলার ইউনিয়ন ভূমি অফিসে জমাদান
২	২০/০৫/২০২৬ তারিখ (সময়- সকাল ১০.৩০ ঘটিকা)	প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই ও সিদ্ধান্ত গ্রহণ

পাবনা জেলার পাবনা সদর উপজেলার ২০ (বিশ) একরের নিম্নের খাস আদায়যোগ্য জলমহালের তালিকা

ক্রঃ নং	জলমহাল/পুকুরের নাম	মৌজা	খং নং	দাগ নং (আর.এস)	আয়তন (একরে)	বাৎসরিক সম্ভাব্য সরকারি মূল্য
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
১	কামারগ্রাম খাস পুকুর	কামারগাঁও	০১	১৯৭	০.৭৫ একর	১২,৬০০/-
২	পদ্মকোল জলমহাল	দক্ষিণ রামচন্দ্রপুর	০১	১০৮৮ ১৩২১	১৫.২২ একর	৩,০২,৭৪০/-
৩	মজিদপুর খাস পুকুর	মজিদপুর	০১	৫৪৫	২.৫৮ একর	২০,০০০/-
৪	টেবুনিয়া পত্তর হাটের পুকুর	মজিদপুর	১৮৮	১২৩০	০.১৪ একর	১১,০০০/-



(এস. এম. ফুয়াদ)  
সহকারী কমিশনার (ভূমি)  
ও

আহবায়ক  
জলমহাল খাস আদায় কমিটি  
পাবনা সদর, পাবনা

Email:aclandpabnasadar@gmail.com